



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা- ৩৫০৬

স্মারক নং-কু:বি:/প্রশা.রেজিস্ট্রার/বৃত্তি (ছাত্র-ছাত্রী)/০৭৬/২০০৮/২৬৬৬

তারিখ: ১২/০৯/২০২৩ খ্রি.

## শিক্ষাবোর্ড কর্তৃক বৃত্তি প্রাপ্তদের তথ্য আহ্বান

এতদ্বারা কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তিকৃত এবং ২০২১ ও ২০২২ সালে উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা বিভিন্ন শিক্ষা বোর্ডে (মাদ্রাসা বোর্ডসহ) মেধাবৃত্তির জন্য মনোনীত হয়েছে তাদেরকে নির্ধারিত ফরমে আগামী ০১-১০-২০২৩খ্রি. তারিখের মধ্যে সকল তথ্যাদিসহ রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় (কক্ষ নং-২০৮, প্রশাসনিক ভবন) আবেদনপত্র জমা প্রদানের জন্য আহ্বান করা যাচ্ছে।

যেহেতু EFT পদ্ধতিতে বৃত্তি প্রদান করা হবে, সেহেতু মাধ্যমিক উচ্চশিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক প্রত্যেক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীকে বাংলাদেশ ব্যাংকের তফসিলভুক্ত যে কোন ব্যাংক থেকে উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার সার্টিফিকেটের নামানুসারে ১৩ থেকে ১৭ ডিজিটের মধ্যে অনলাইন ব্যাংক একাউন্ট খোলা বাধ্যতামূলক।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.cou.ac.bd](http://www.cou.ac.bd) থেকে বৃত্তির জন্য লিগ্যাল পেইজের নির্ধারিত ফরমটি ডাউনলোড পূর্বক পূরণ করে হার্ডকপি জমা দানপূর্বক ইহার সফটকপি [mosharafcubd@gmail.com](mailto:mosharafcubd@gmail.com) এ ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে-

(মোঃ আমিরুল হক চৌধুরী)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

২২/০৯/২৩

### প্রয়োজনীয় কার্যার্থে কপি বিতরণ:

- ১। বিভাগীয় প্রধান- গণিত/ পদার্থবিজ্ঞান/ রসায়ন/ পরিসংখ্যান/ ফার্মেসী/ ইংরেজি/ বাংলা/ লোক প্রশাসন/ অর্থনীতি/ নৃবিজ্ঞান/ প্রত্নতত্ত্ব/ গণযোগাযোগ ও সাংবাদিকতা/ আইন/ সিএসই/ আইসিটি/ এআইএস/ মার্কেটিং/ ব্যবস্থাপনা শিক্ষা/ ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ কু.বি.। (বৃত্তিধারী সকল শিক্ষার্থীকে অবহিতকরণের অনুরোধসহকারে)।
- ২। আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সংযুক্ত ফরমেটসহ বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহকারে), কু.বি।
- ৩। জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচার ও সংরক্ষণের অনুরোধসহকারে), কু.বি।
- ৪। সকল নোটিশ বোর্ড, কু.বি.।

### অনুলিপি:

- ১। ডিন, বিজ্ঞান/কলা ও মানবিক / সামাজিক বিজ্ঞান/আইন / প্রকৌশল/ বিজনেস স্টাডিজ অনুষদ, কু.বি.।
- ২। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
- ৩। পিএস টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.।
- ৪। পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.।
- ৫। অফিস কপি।